আপনাকে ইকোকার্ডিওগ্রাম সম্বন্ধে বোঝা

এই নির্দেশিকাটি আপনাকে পদ্ধতি সম্পর্কে জানাবে এবং সাক্ষাতের জন্য প্রস্তুত হতে আপনাকে সাহায্য করবে।

INHEALTH | ইকোটেক

স্বাস্থ্যসেবার উন্নতিসাধন করা

www.inhealthgroup.com

হৃদপ্রতিধ্বনিলেখ অর্থাৎ ইকোকার্ডিওগ্রাম কী?

ইকোকার্ডিওগ্রাম, যা ইকো নামেও পরিচিত, হৃৎপিণ্ডের একটি আলট্রাসাউণ্ড স্ক্যান যা তার গঠন এবং ক্রিয়াকলাপ উভয়ের মূল্যায়নে ব্যবহার হয় এবং একজন বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত কার্ডিয়াক ফিজিওলজিস্ট এটি পরিচালনা করেন। ইকো'তে আলট্রাসাউণ্ড ওয়েভ ব্যবহার করে পর্দার ওপর হৃৎপিণ্ডের ছবি দেখা হয়; এই একই পদ্ধতি গর্ভাবস্থায় শিশুদের স্ক্যান করার জন্য ব্যবহার হয়। কার্ডিয়াক ফিজিওলজিস্ট যে ইকো রিপোর্ট প্রস্তুত করেন তার সাহায্যে আপনার ডাক্তার আপনার হৃদযন্ত্রের স্বাস্থ্যের মূল্যায়ন করেন এবং তার ওপর নজর রাখেন।

আমার ইকো পরীক্ষা হচ্ছে কেন?

নিম্নলিখিত কোনও একটি কারণে আপনার ডাক্তার আপনাকে ইকো পরীক্ষা করার জন্য অনুরোধ করে থাকতে পারেন:

- যদি আপনার হাঁফ ধরে অথবা শারীরিক পরিশ্রমের সময় নির্দিষ্ট লক্ষণের কারণে অভিযোগ করেন
- হৃদমর্মরের (Heart murmur) কারণ অনুসন্ধান করা
- হৃৎপিন্ডের প্রকোষ্ঠগুলির আকার যাচাই করা
- হৃৎপিণ্ডের চারপাশে তরলের উপস্থিতি পরীক্ষা করা
- হৃৎপিণ্ডের পেশিগুলি সঠিক বেধযুক্ত কি না এবং সেগুলি সঠিকভাবে পাম্প করছে কি না তা পরীক্ষা করা

কোনও পার্শ্ব-প্রতিক্রিয়া আছে কি?

না – ইকোকার্ডিওগ্রাম সাধারণত বেদনাহীন এবং ক্ষতিকর নয়। তবে কোনও কোনও রোগী বুকে পরীক্ষার যন্ত্রটির অবস্থানের কারণে কিছুটা অস্বস্তি বোধ করতে পারেন।

আপনার সাক্ষাতের আগে

ইকোকার্ডিওগ্রাম এর জন্য আপনাকে কোনও বিশেষ প্রস্তুতি নিতে হবে না। আপনি পরীক্ষার আগে এবং পরে স্বাভাবিকভাবে খেতে এবং পান করতে পারেন।

আপনার স্বাভাবিক ওষুধ খাওয়া চালিয়ে যান, তবে ওষুধের একটি তালিকা আনুন কারণ ফিজিওলজিস্ট আপনি কী ওষুধ খাচ্ছেন তা জানতে চাইতে পারেন। কোনও কোনও ওষুধ হৃৎপিণ্ডের স্বাভাবিক ছন্দকে প্রভাবিত করতে পারে এবং আপনার পরীক্ষার ফলাফল দেখার সময় আমাদের চিকিৎসাবিদদের এই বিষয়টি সম্পর্কে সচেতন হওয়া দরকার। যদি আপনার কোনও প্রশ্ন থাকে অথবা পরামর্শের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে **0333 202 3186** নম্বরে যোগাযোগ করুন।

যদি একটি পৃথক ভাষা বলার কারণে আপনার সাহায্যের প্রয়োজন হয় অথবা কোনও বন্ধু, আত্মীয় অথবা কেয়ারার'কে আপনার সঙ্গে আনতে চান, তাহলে আপনার সাক্ষাতের জন্য সময় চাইবার সময় অনুগ্রহ করে আমাদের জানান।

আপনাকে যদি আমাদের একজন সহায়ক সঙ্গী সরবরাহ করার প্রয়োজন হয় অথবা কোনও নির্দিষ্ট লিঙ্গের একজন চিকিৎসকের পরিষেবা চান, তাহলে উপযুক্ত সাক্ষাতের ব্যবস্থা করার জন্য অনুগ্রহ করে আমাদের টেলিফোন করুন।

যখন আপনি পৌঁছোবেন

আপনার সাক্ষাতের সময়ের 15 মিনিট আগে অনুগ্রহ করে উপস্থিত হবেন। যদি দেরি করেন, তাহলে আমরা পরীক্ষা সম্পন্ন করতে সমর্থ নাও হতে পারি। এর অর্থ এই নয় যে আপনাকে সাক্ষাতের সময়ের আগে দেখা হবে।

আপনি যখন এসে পৌঁছোবেন, তখন আমাদের একজন কর্মী আপনাকে সঙ্গে করে ইকো কক্ষে নিয়ে যাবেন এবং পদ্ধতিটি ব্যাখ্যা করে বুঝিয়ে দেবেন। আপনাকে কোমরের উপরের অংশের জামাকাপড় খুলে ফেলতে বলা হবে এবং পদ্ধতি চলাকালীন সব সময় পরে থাকার জন্য মহিলাদের একটি কাগজের আবরণ দেওয়া হবে।

পরীক্ষা

আপনার পরীক্ষাটি আপনাকে বাম পাশে কাত হয়ে একটি পালঙ্কে শুইয়ে করা হবে। যদি পালঙ্কে ওঠার জন্য আপনার সাহায্যের প্রয়োজন হয়, তাহলে কার্ডিয়াক ফিজিওলজিস্ট আপনাকে সাহায্য করবেন।

কার্ডিয়াক ফিজিওলজিস্ট এর পরে আপনার বুকে 3টি আঠার মত লেগে যায় এমন ইলেকট্রোড লাগাবেন এবং ট্রান্সডুসার নামে একটি যন্ত্রে আলট্রাসাউণ্ড জেল প্রয়োগ করবেন। এটি ক্ষতিকর নয় এমন আলট্রাসাউণ্ড ওয়েভ পাঠায় এবং গ্রহণ করে। এই জেল আপনার বুকের দেওয়ালের মধ্যে দিয়ে যেতে পারে এমন আলট্রাসাউণ্ড রশ্মি পাঠায় যাতে আপনার হৃৎপিণ্ডটি দেখা যায়।

ট্রান্সডুসার আপনার ত্বকের সঙ্গে মাঝারি চাপ দিয়ে আটকে রাখা হবে যাতে আলট্রাসাউণ্ড ওয়েব পাঠাতে সুবিধা হয়। এটি অস্বস্তিকর হতে পারে তবে বেদনাদায়ক হওয়া উচিত নয়।

কার্ডিয়াক ফিজিওলজিস্ট বুক, পেট এবং ঘাড়ে ট্রান্সডুসারটি সরিয়ে আলট্রাসাউণ্ড চিত্র এবং অডিও রেকর্ডিংগুলি করবেন। রেকর্ডিংয়ের সময় আপনাকে অবস্থান পরিবর্তন করতে বা আপনার দম আটকে রাখতে বলা হতে পারে যাতে সেরা মানের চিত্রগুলি পাওয়া যায়।

এতে কত সময় লাগবে?

ইকোকার্ডিওগ্রাম করতে সাধারণত 15 থেকে 30 মিনিটের মত সময় লাগে। কোনও কোনও পরিস্থিতিতে আরও বিশদ স্ক্যানের প্রয়োজন হতে পারে যা 45 মিনিট পর্যন্ত সময় নিতে পারে।

আমি কখন পরীক্ষার ফলাফল পাব?

যে ডাক্তার আপনার ইকোকার্ডিওগ্রামটির জন্য অনুরোধ করেছেন তিনি 5টি কার্যদিবসের মধ্যে আপনার ইকো'র প্রতিবেদন এবং চিত্রগুলি পাবেন অনুগ্রহ করে মনে রাখবেন যে সেই দিন ফিজিওলজিস্ট আপনার ফলাফলগুলি নিয়ে আপনার সঙ্গে আলোচনা করতে পারবেন না। সাক্ষাতের ব্যবস্থা করার আগে আপনার সার্জারিকে টেলিফোন করে নিশ্চিত হোন যে ডাক্তার আপনার ফলাফল পেয়েছেন, যদি না ডাক্তার আপনার সঙ্গে ভিন্ন ব্যবস্থা করে থাকেন।

পদ্ধতির জন্য আপনার সম্মতিদান

এই প্রচারপত্রের তথ্য আপনার ইকোকার্ডিওগ্রাম-এ কী অন্তর্ভুক্ত সে বিষয়ে আপনাকে একটি ধারণা দেবে। কোনও চিকিৎসা প্রক্রিয়া সম্পাদন করার আগে, সেই পদ্ধতি পরিচালনাকারী স্বাস্থ্যসেবা পেশাদাররা আপনাকে জানাবেন যে কী প্রত্যাশা করতে পারেন। আপনি প্রক্রিয়াটি করাতে চান কি না সে সম্পর্কে অবগত হয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য সব প্রয়োজনীয় তথ্য পাওয়ার অধিকার আপনার আছে। কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে তা জিজ্ঞাসা করতে দ্বিধা করবেন না।

আপনাকে কেবল মৌখিকভাবে এই পরীক্ষায় সম্মতি জানাতে হবে।

অভিযোগ জানানোর পদ্ধতি

InHealth-এ আমরা যে পরিষেবা দিই, তার মান সম্পর্কে আমরা গর্বিত। আপনার যদি অভিযোগ করার কারণ থাকে তবে আমরা আপনার মন্তব্যগুলি গুরুত্ব সহকারে গ্রহণ করি এবং অনুরোধসাপেক্ষে সম্পূর্ণ অভিযোগ পদ্ধতি পাওয়া যায়। আমাদের ফিজিওলজিস্ট-কে অনুরোধ করলে তিনি আপনাকে একটি অনুলিপি সরবরাহ করতে সক্ষম হবেন।

তথ্য সংরক্ষণ

InHealth-এর রোগীর গোপনীয়তা সম্পর্কে একটি কঠোর নীতি আছে যার অর্থ আমরা কখনই এমন কারও / সংস্থার সঙ্গে রোগীদের সম্পর্কে তথ্য আদানপ্রদান করি না যাদের রোগীর নিদানিক অবস্থা সম্পর্কে জানার দরকার নেই। InHealth আপনার প্রদত্ত তথ্য অভ্যন্তরীণ উদ্দেশ্য সাধনের জন্য রাখবে। আপনার প্রদত্ত তথ্যগুলি আমরা তাঁদের সঙ্গেও আদান প্রদান করতে পারি, আপনার চিকিৎসা অথবা গবেষণার ব্যয় পূরণ, পরিসংখ্যান, শিক্ষামূলক, প্রশাসনিক অথবা চুক্তিভিত্তিক উদ্দেশ্য (উদাহরণস্বরূপ, নিরীক্ষণ এবং ধারাবাহিক উন্নয়ন) পূরণের জন্য যাঁরা দায়িত্বশীল (অথবা তাঁদের এজেন্ট) কিন্তু সেই তথ্য থেকে আপনাকে শনাক্ত করা যাবে না। আপনি যদি NHS এর রোগী হন তবে এর মধ্যে জাতীয় স্বাস্থ্য পরিষেবা অন্তর্ভুক্ত থাকবে।

InHealth সম্পর্কে

InHealth যুক্তরাজ্য অর্থাৎ ইউ.কে'র সর্বত্র রোগীদের জন্য বিশেষজ্ঞ রোগনির্ণায়ক ব্যবস্থা এবং স্বাস্থ্যসেবা পরিষেবাগুলির দীর্ঘকালীন সরবরাহকারী। 25 বছরেরও বেশি সময় ধরে আমরা নিদানিক এবং প্রয়োগগত উৎকর্ষ প্রদানের লক্ষ্যে পরিবর্তিত স্বাস্থ্যসেবা পরিস্থিতিতে সাড়া দেওয়ার জন্য NHS, রোগী এবং ব্যক্তিগত সরবরাহকারীদের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে কাজ করেছি।

আমাদের রোগীর তথ্য সম্পর্কিত প্রচারপত্র বিষয়ে আপনার যদি কোনও মন্তব্য অথবা পরামর্শ থাকে তবে দয়া করে মতামত জানানোর ফর্ম এর মাধ্যমে আমাদের জানান।

এই রোগীর তথ্য সম্পর্কিত প্রচারপত্রটির বার্ষিক পর্যালোচনা করা হয় এবং সেই প্রক্রিয়ার অংশ হিসাবে রোগীর পর্যবেক্ষণগুলিকে স্বাগত জানানো হয়। এই প্রচারপত্রটির বড় অক্ষরে ছাপা, অডিও CD অথবা ব্রেইল সংস্করণ অনুরোধসাপেক্ষে পাওয়া যাবে।

InHealth | Beechwood Hall | Kingsmead Road
High Wycombe | Bucks | HP11 1JL

ফোন: 01494 560000 | ফ্যাক্স: 01494 560056

info@inhealthgroup.com
www.inhealthgroup.com

0186_এপ্রিল 2019 কপিরাইট © 2019 InHealth Limited